

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ/২ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৬০-আইন/২০১৬/২২/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, এই বিভাগের ২৯ জ্যৈষ্ঠ ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ১২ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৪৫-আইন/২০১৪/২৫০৮/কাস্টমস রহিত করিয়া, উক্ত Act এর First Schedule ভুক্ত পণ্যের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code এর আওতাধীন কলাম (3) তে বর্ণিত পণ্যসমূহকে, উহাদের উপর আরোপণীয় আমদানি শুল্ক, যে পরিমাণে মূল্যভিত্তিক ৫% (পাঁচ শতাংশ) এর অতিরিক্ত হয় সেই পরিমাণ, সমুদয় রেগুলেটরি ডিউটি, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা :-

TABLE

Heading (1)	H.S. Code (2)	Description (3)
73.08	7308.30.00	Fire Resistant Door
84.24	8424.20.30	Sprinkler system and equipments
85.28	8528.69.00	Video conference device
85.31	8531.20.00	Indicator panels incorporating liquid crystal devices (LCD) or light emitting diodes (LED)
94.03	9403.20.30	Cutting table of a kind used with cutting machine
	9403.60.20	
94.05	9405.40.42	LED lamps, bulbs and tubes without fittings.
	9405.40.90	Emergency light with Exit sign and

## double heads

শর্ত

- (১) আমদানিকারককে শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে বন্ড লাইসেন্সধারী অথবা মূল্য সংযোজন কর নিবন্ধিত হইতে হইবে।
- (২) আমদানিকারক প্রতিষ্ঠান যে এসোসিয়েশনের সদস্যভুক্ত সেই এসোসিয়েশন হইতে “পরিশিষ্ট-১” মোতাবেক একটি প্রত্যয়নপত্র পণ্য গুণায়নকালে সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনে দাখিল করিতে হইবে।
- (৩) আমদানিকৃত পণ্য সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানে ব্যবহার করা না হইলে সেই ক্ষেত্রে প্রযোজ্য গুণক-কর উক্ত প্রতিষ্ঠান কর্তৃপক্ষের নিকট হইতে আদায়যোগ্য হইবে।
- (৪) আমদানিকৃত পণ্য আমদানিকারক শিল্প প্রতিষ্ঠানে স্থাপন করা হইয়াছে কিনা তাহা সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন কর্তৃপক্ষকে সংশ্লিষ্ট কাস্টমস বন্ড কমিশনারেট অথবা মূল্য সংযোজন কর কমিশনারেট এর মাধ্যমে সরেজমিন যাচাইপূর্বক নিশ্চিত হইতে হইবে।
- (৫) শর্ত (৪) বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন কর্তৃপক্ষ পণ্যচালান খালাসপূর্বক লিখিতভাবে অথবা ই-মেইল যোগে সংশ্লিষ্ট বন্ড কমিশনারেট অথবা মূল্য সংযোজন কর কমিশনারেটকে অবহিত করিবেন।
- (৬) শর্ত (৪) এর উদ্দেশ্যে পূরণকল্পে কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন হইতে পত্র বা ই-মেইল প্রাপ্তির পর সংশ্লিষ্ট বন্ড কমিশনারেট অথবা মূল্য সংযোজন কর কমিশনারেট আমদানিকারক শিল্প প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শনপূর্বক “পরিশিষ্ট-২” মোতাবেক একটি প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনে প্রেরণ করিবেন।

“পরিশিষ্ট-১”

## প্রত্যয়নপত্র

## [শর্ত (২) দ্রষ্টব্য]

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, (প্রতিষ্ঠানের নাম) .....

.....  
 ঠিকানা .....,  
 মূসক নিবন্ধন নম্বর ....., বন্ড লাইসেন্স নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে)

....., এর কারখানায় ব্যবহারের জন্য এলসি  
নং....., তারিখ: ..... এবং ইনভয়েস নম্বর:  
....., তারিখ: ..... তে বর্ণিত পণ্য আমদানি করিতে  
হইবে।

আমদানিকারক প্রতিষ্ঠানকে এতদসংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৬০-  
আইন/২০১৬/২২/কাস্টমস, তারিখ: ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ এর অধীনে প্রাপ্য রেয়াতি  
সুবিধা প্রদানের জন্য সুপারিশ করা হইল।

তারিখ :  
স্বাক্ষর :  
নাম :  
পদবি : সভাপতি/মহাসচিব,  
.....  
(এসোসিয়েশনের নাম ও ঠিকানা)  
সীল :

“পরিশিষ্ট-২”

প্রত্যয়নপত্র  
[শর্ত ৬ দ্রষ্টব্য]

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, আমদানিকারক -----  
----- (প্রতিষ্ঠানের নাম ও পূর্ণ ঠিকানা) মূল্য সংযোজন  
কর (মূসক) নিবন্ধন নং-----, তারিখ -----  
কর্তৃক ----- কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন এর বিল অব এন্ট্রি নং -----,  
তারিখ----- এর মাধ্যমে খালাসকৃত পণ্য বা উপকরণ উক্ত প্রতিষ্ঠানের  
কারখানায় স্থাপন করা হইয়াছে।

তারিখ :  
স্বাক্ষর :  
নাম :  
কমিশনার  
.....

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-  
(মোঃ নজিবুর রহমান)  
সিনিয়র সচিব।